


বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ইনোভেশন প্রস্তাব বাস্তবায়ন সংক্রান্ত।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এবং এর আওতাধীন ১৪ টি আঞ্চলিক দপ্তর হতে Online Licensing Module (OLM) এর মাধ্যমে আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি), রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি), আমদানি পারমিট (আইপি), রপ্তানি পারমিট (ইপি), আমদানির পূর্বানুমতি, ক্লিয়ারেন্স পারমিটসহ বিভিন্ন সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করার জন্য অত্র দপ্তর হতে দ্রুততম সময়ে সেবা প্রদান করা হয়ে থাকে। কিন্তু প্রায়ই আবেদনকারীদের তথ্যাদি রিসাবমিটের জন্য SMS দেয়া হলেও রিসাবমিট প্রদান করতে কালক্ষেপণ করে। ফলে সেবা প্রাপ্তিতে বিলম্ব ঘটছে। এ সমস্যা লাঘবের জন্য অত্র দপ্তরের প্রধান নিয়ন্ত্রক মহোদয় কর্তৃক উদ্ভাবনী প্রস্তাব (SMS এর মাধ্যমে আবেদনকারীদের তথ্যাদি রিসাবমিটের জন্য রিমাইন্ডার দেওয়া) বাস্তবায়ন করা হয়েছে। এখন থেকে প্রতি সাত দিন অন্তর অন্তর রিসাবমিটের জন্য রিমাইন্ডার দেওয়া হবে।

০২। বর্ণিত অবস্থায়, Online Licensing Module (OLM) এর মাধ্যমে দ্রুত সেবা প্রাপ্তির নিমিত্তে সেবা প্রার্থীদের রি-সাবমিটের SMS দেয়া হলে দ্রুততার সাথে রি-সাবমিট প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



১৫-৩-২০২২

মোঃ সিরাজুল ইসলাম
সহকারী নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের/যুগ্ম-নিয়ন্ত্রকের/সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া/দিনাজপুর/নওগাঁ/সিরাজগঞ্জ/পাবনা (সেবা প্রার্থীগণকে সচেতনার জন্য প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২) নির্বাহী কর্মকর্তা, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) আইটি কনসালটেন্ট, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (OLM সফটওয়্যারে বাস্তবায়িত উদ্যোগটি চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধ করা হলো)।